দৈনিক সংবাদ

তারিখ 22 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ২

# নৈর্ব্যক্তিক প্রশ্নমালা বাতিলের পরিকল্পনা সরকারের নেই

## শিক্ষামন্ত্রীর জওয়াব

(সংসদ বার্তা পরিবেশক)

শিক্ষামন্ত্রী, ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, এসএসসি পরীক্ষায় প্রচলিত নৈর্ব্যক্তিক প্রশ্নমালা বাতিলের পরিকল্পনা নেই। তবে তা আধুনিকীকরণের চিন্তাভাবনা চলছে।

গতকাল বুধবার জাতীয় সংসদে আওয়ামী লীগের শামসুল হকের এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা বলেন। তিনি জানান, এই পদ্ধতিতে এখন নির্দিষ্ট ৫শ' প্রশ্নমালার মধ্যে প্রশ্ন সীমাবদ্ধ। আমরা এই সীমা তুলে দিয়ে সারা বই থেকে প্রশ্ন করার চিন্তাভাবনা করছি। একই দলের আবদুল মতিন খসরুর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানিয়েছেন, প্রচলিত শিক্ষা ব্যবস্থা সংস্কারের পরিকল্পনা সরকারের রয়েছে।